উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**বিষয় ঃ উপজেলা পরিষদের জুন'২০২৪ মাসের মাসিক সাধারণ সভায় উপস্থিত প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৩/০৬/২০২৪ খ্রিঃ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে জনাব মোঃ শফিউল আলম, নব নির্বাচিত চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভাপতিত্বে (১ম সভা) জুন'২০২৪ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি ঃ**

১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

৩০.০৫.২৪
(তানভীর আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৪.০৫৯.২৪-৪৩৯ তারিখ ঃ ১৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ / ৩০ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
০২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। ..............................................................................
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৯। অফিস কপি।

৩০.০৫.২৪
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম

CamScanner

# উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর জুন'২০২৪ খ্রিঃ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ জনাব মোঃ শফিউল আলম
উপজেলা পরিষদ চেয়ারম্যান
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ০৩ জুন'২০২৪ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১১.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত এপ্রিল'২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় এপ্রিল'২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। তিনি আরও জানান আসন্ন ঈদ-উল আযহা উপলক্ষে কোরবানীর পশুর প্রাপ্যতা ১৫১২৭ টি, চর রাজিবপুর উপজেলার কোরবানীর পশুর চাহিদা ৭৬৯০ টি। গবাদি পশুকে ও হাঁস-মুরগী চিকিৎসা প্রদান ৫৬৩১ মাত্রা। কোরবানীর পশুর হাটের স্বাস্থ্য ও গর্ভ পরীক্ষার জন্য ভেটেরিনারী মেডিকেল টীম গঠন করা হয়েছে। কোরবানী উপলক্ষে কসাইদের স্বাস্থ্যসম্মত ও নিরাপদে কোরবানীর চামড়া ছাড়ানো, সংরক্ষণ বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। লাম্পি স্কিন ডিজিজ প্রতিরোধে সচেতনতা সভা ও ভ্যাকসিনেশন কার্যক্রম চালু হয়েছে। সেবা পৌছে দেয়ার লক্ষ্যে ভেটেরিনারী মেডিকেল ক্যাম্প স্থাপন করা হয়েছে। লাম্পি স্কিন রোগ বিষয়ক সচেতনতা সভা ও ভ্যাকসিনেশন ক্যাম্প করা হয়েছে। তীব্র গরমে হিট স্ট্রেস প্রতিরোধে করণীয় বিষয়ে উঠান বৈঠক আয়োজন অব্যাহত রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। তিনি আরও জানান বোরোধানের কর্তন ৮০% সমাপ্ত হয়েছে। রোগবালাই ও পোকামাকড়ের আক্রমণ কম থাকায় বাম্পার ফলন আশা করেন। রোপা আমন মৌসুম শুরু হবার পূর্বে সহিষ্ণু জাত ও প্রযুক্তি কাজ করবেন বলে ব্যক্ত করেন। সেচের সমস্য সমাধানের জন্য এডিপি থেকে ৮৮টি ফিতা পাইপ বরাদ্দ পাওয়া গেছে। বর্তমানে সারের কোন ঘাটতি নেই। উপজেলা কৃষি অফিসে বাউন্ডারী ওয়াল নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে মাননীয় এমপি মহোদয়কে অনুরোধ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর। |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা মৎস্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় মৎস্য অফিসারের পদ শুন্য রয়েছে। অতিরিক্ত দায়িত্ব কর্মকর্তা নিয়মিত সভায় উপস্থিত থাকে না। অত্র উপজেলায় উপজেলা মৎস্য অফিসারের শুন্য পদ পুরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্যের মাধ্যমে উর্দ্ধতন কর্তপক্ষের দৃষ্টি আকর্ষন করেন। | চর রাজিবপুর উপজেলায় উপজেলা মৎস্য অফিসারের শুন্য পদ পুরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ০৪ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচি (এডিপি) প্রকল্পের কাজ চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম ব্যহত হচ্ছে। তিনি আরও জানান চলতি অর্থ বছরে পানির উৎস কমিউনিটি ভিত্তিক ১৮টি বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত পানির উৎস স্থাপনের তালিকা উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে চুড়ান্ত করা হবে। এছাড়া মানব সম্পদ গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় প্রতি ইউনিয়নে ২২৫ করে ল্যাট্রিন স্থাপনের তালিকা এনজিও বিবিসি এর মাধ্যমে চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর। |
| ০৬ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, অত্র হাসপাতালে ক্লিনার, সুইপার ও ওয়ার্ডবয় এর যথেষ্ট সংকট থাকায় চিকিৎসাসহ অন্যান্য সেবা প্রদান অত্যন্ত কঠিন হয়ে পড়েছে। তিনি আরও জানান ডাক্তারসহ অন্যান জনবল কম। ৩ জন ডাঃ কর্মরত রয়েছে। অত্র হাসপাতালে একটি এ্যাম্বুলেন্স ও এক্স-রে মেশিন রয়েছে। কিন্তু এক্স-রে টেকনিশয়ান না থাকায় তা নষ্ট হচ্ছে এবং এক্স-রে চালু না থাকায় এক্স-রে সরবরাহ নাই। জলাতঙ্ক রোগের ভ্যাকসিন সরবরাহ নাই। এ্যাম্বুলেন্স মেরামত করা প্রয়োজন। মেরামতের জন্য টাকা থাকলেও আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবে ক্ষমতার লিমিট শেষ হওয়ায় তা মেরামত করা সম্ভব হচ্ছে না। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ক্যাম্পাসে সোলার স্ট্রীট লাইট স্থাপন করা প্রয়োজন। অত্র উপজেলাধীন কোদালকাটি ও মোহনগঞ্জ ইউনিয়নে উপ-স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের জন্য জমির প্রয়োজন। বদরপুর কমিউনিটি ক্লিনিকের পুনর্নির্মাণের জন্য জমি ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় উপস্থিত এমপি মহোদয়কে অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ক্যাম্পাসে সোলার স্ট্রীট লাইট স্থাপন করা, কোদালকাটি ও মোহনগঞ্জ ইউনিয়নে উপ-স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের জন্য জমি নির্বাচন এবং বদরপুর কমিউনিটি ক্লিনিকের পুনর্নির্মাণের জন্য জমি ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর। |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্না হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম। |
| ০৮ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৩-২৪ অর্থ বছরের ১ম, ২য় ও ৩য় পর্যায়ের টিআর, কাবিখা/কাবিটা কর্মসুচির বিভিন্ন প্রকল্পের কাজ চলমান। আসন্ন ঈদ-উল আযহা/২০২৪ উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় চাল বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিতরণের জন্য তালিকা দাখিলের প্রস্তাব করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |

চলমান পাতা-৩



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় সমাজসেবা অফিসারের পদ শুন্য রয়েছে। অতিরিক্ত দায়িত্ব কর্মকর্তা নিয়মিত সভায় উপস্থিত থাকে না। অত্র উপজেলায় উপজেলা সমাজসেবা অফিসারের শুন্য পদ পুরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্যের মাধ্যমে উর্দ্ধতন কর্তপক্ষের দৃষ্টি আকর্ষন করেন। | চর রাজিবপুর উপজেলায় উপজেলা সমাজসেবা অফিসারের শুন্য পদ পুরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ১০ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় মহিলা বিষয়ক কর্মকর্তার পদ শুন্য রয়েছে। অতিরিক্ত দায়িত্ব কর্মকর্তা নিয়মিত সভায় উপস্থিত থাকে না। অত্র উপজেলায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার শুন্য পদ পুরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্যের মাধ্যমে উর্দ্ধতন কর্তপক্ষের দৃষ্টি আকর্ষন করেন। | চর রাজিবপুর উপজেলায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার শুন্য পদ পুরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৩-২৪ অর্থ বছরের কাজগুলি সুষ্ঠুভাবে পরিচালিত হয়েছে। আগামী অর্থ বছরে যুবক ও যুব মহিলাদের আত্মকর্মী হিসাবে গড়ে তোলার জন্য বিভিন্ন প্রশিক্ষণ ও ঋণের বরাদ্দ প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে মাননীয় জাতীয় সংসদ সদস্যের দৃষ্টি আকর্ষন করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান সমবায় দপ্তরে অফিসারসহ ০২(দণন) জন কর্মী কর্মরত আছেন। উপজেলা পরিষদের একটি কক্ষে অফিসের কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছে না। উপজেলা সমবায় অফিসের জন্য আরও একটি কক্ষ বরাদ্দ ও এটাষ্ট ওয়াশরুম নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৫ | পরিবেশ ও বন বিভাগ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান শিক্ষা প্রতিষ্ঠানের যাবতীয় তথ্য সংগ্রহ পূর্বক উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ কাজ চলমান। ৬ষ্ঠ শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত উপবৃত্তি কার্যক্রম চলমান। গ্রীষ্মকালীন ও শীতকালীন খেলাধুলা, সৃজনশীল মেধা | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |



চলমান পাতা-৪

| | | | | |
|---|---|---|---|---|
| | | অন্বেশন প্রতিযোগিতা জাতীয় শিক্ষা সপ্তাহ ইত্যাদি যথাযথভাবে উদযাপন ও বাস্তবায়ন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের ছাদসহ অফিস কক্ষ মেরামত ও রংকরণ করা জরুরী প্রয়োজন। অফিসের ফার্নিচারসমূহও একেবারে ব্যবহার অনুপযোগি। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে মাননীয় জাতীয় সংসদ সদস্যের দৃষ্টি আকর্ষন করেন। | | |
| ১৭ | পরিষদের রাজস্ব তহবিল | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৩-২৪ অর্থ বছরে জুন'২০২৪ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের জুন'২০২৪ খ্রিঃ মাসের সম্মানী =৯৯,০০০/- (নিরানব্বই) হাজার টাকা।<br>০২। (ক) জুন'২০২৪ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>(খ) জুন'২০২৪ খ্রিঃ মাসের উপজেলা স্থায়ী কমিটির আপ্যায়ন ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস আপ্যায়ন বাবদ ব্যয় =৮,০০০/- (আট হাজার) টাকা।<br>০৩। জুন'২০২৪ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, এ্যারোসল, হারপিক, কলম ইত্যাদি) ক্রয় বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৪। জুন'২০২৪ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয়-১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৫। জুন'২০২৪ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৫৫০×২৭ দিন) =১৪,৮৫০/- (চৌদ্দ হাজার আটশত পঞ্চাশ) টাকা।<br>০৬। জুন'২০২৪ খ্রিঃ মাসের ০১(এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী (৫৫০×২৭ দিন) =১৪,৮৫০/- (চৌদ্দ হাজার আটশত পঞ্চাশ) টাকা।<br>০৭। জুন'২০২৪ খ্রিঃ মাসে উপজেলা পরিষদের জীপ গাড়ির জ্বালানী ব্যয় =২০,০০০/- (বিশ হাজার) টাকা।<br>০৮। উপজেলা পরিষদ চত্ত্বরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর জুন'২০২৪ খ্রিঃ মাসের বেতন (২৫০×৩০ দিন) =৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা।<br>০৯। ২০২৩-২৪ অর্থ বছরে অফিস সরঞ্জামাদি ক্রয় বাবদ ব্যয় বাবদ =১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>১০। ২০২৩-২৪ অর্থ বছরে ক্লোজ সার্জিট ক্যামেরা ক্রয় বাবদ ব্যয় বাবদ =১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>১১। ২০২৩-২৪ অর্থ বছরে মশা নিধন কার্যক্রমে ব্যয় বাবদ =১০,০০০/- (দশ হাজার) টাকা।<br>১২। প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ ব্যক্তিকে সহায়তা প্রদান বাবদ =৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার) টাকা।<br>১৩। ২০২৩-২৪ অর্থ বছরে ডিসেম্বর/২০২৩ হতে মে/২০২৪ পর্যন্ত উপজেলা পরিষদের মিটার নং-০০২৯৬৭১৪ ও ১৫৭০৮৭৭৭ এর বিদ্যুৎ বিল বাবদ =১,১৮,৯৪৫/- (এক লক্ষ আঠার হাজার নয়শত পয়তাল্লিশ) টাকা।<br>১৪। জুন'২০২৪ খ্রিঃ মাসে উপজেলা পরিষদে দৈনিক পত্রিকা ক্রয়/সরবরাহের বিল =১,৯৩৬/- (এক হাজার নয়শত ছত্রিশ) টাকা।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও জানান যে, | ০১। ২০২৩-২৪ অর্থ বছরে জুন'২০২৪ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। ২০২৩-২৪ অর্থ বছরে মে'২০২৪ খ্রিঃ মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ক্রমিক নং-৩ এর (ক-ম) পর্যন্ত খাতে প্রয়োজনীয় ব্যয়কৃত টাকা ভূতাপেক্ষ অনুমোদনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান,চর রাজিবপুর<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |



চলমান পাতা-৫

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ক্রমিক নং-৩ এর (ক-ম) পর্যন্ত খাতে মে/২০২৪ মাসে প্রয়োজনীয় ব্যয় করা হয়েছে। উহা ভূতাপেক্ষ অনুমোদন প্রয়োজন।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৮ | বিবিধ | | | |
| ১৮ (১) | উপজেলা খাদ্য অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অভ্যন্তরীন বোরো ধানা ও চাল সংগ্রহ/২০২৪ ও গম সংগ্রহ/২০২৪ এর আওতায় বোরো ধানের লক্ষ্যমাত্রা ২৪৬.০০০ মে.টন। বোরো চালের লক্ষ্যমাত্রা ৪৪১.০০০ মে.টন ও গমের লক্ষ্যমাত্রা প্রতিকেজি বোরোধানের সংগ্রহ মূল্য ৩২/- টাকা । লটারীতে নির্ধারিত কৃষকদের নিকট হতে ১.০০০ মে.টন হিসেবে ২৪৬ জন কৃষকদের নিকট হতে ৩১/০৮/২০২৪ তারিখের মধ্যে সংগ্রহ সম্পন্ন করা হবে। প্রতিকেজি বোরো চাল ৪৫/- টাকা কেজি হিসেবে চালকল মিলারদের বিভাজিত চুক্তিকৃত পরিমাণের মধ্যে চাল ৩১/০৮/২০২৪ তারিখের মধ্যে সংগ্রহ সম্পন্ন করা হবে। সরকার কর্তৃক নিদির্ষ্ট সময়সীমার মধ্যে অভ্যন্তরীণ ধান, চাল সংগ্রহ/২৪ সফলভাবে সম্পন্ন করতে হবে।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের পদ শুন্য রয়েছে। অতিরিক্ত দায়িত্ব কর্মকর্তা নিয়মিত সভায় উপস্থিত থাকে না। অত্র উপজেলায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক-এর শুন্য পদ পুরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্যের মাধ্যমে উর্দ্ধতন কর্তপক্ষের দৃষ্টি আকর্ষন করেন। | চর রাজিবপুর উপজেলায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক-এর শুন্য পদ পুরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ১৮ (২) | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় উপস্থিত না থাকায় উপজেলা রিসোর্স সেন্টার সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৩) | রাজিবপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অতিবৃষ্টির কারণে বিভিন্ন কাঁচা, পাকা রাস্তার ভেঙ্গে গেছে এবং জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। পাহাড়ী ঢলের পানিতে বালিয়ামারীতে নদী ভাঙ্গনের সৃষ্টি হয়। ফলে বালিয়ামারী হাট-বাজার, বালিয়ামারী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও আদর্শগ্রাম নদীগর্ভে বিলিন হওয়ার সম্ভাবনা রয়েছে। নদী ভাঙ্গন রক্ষার্থে জিওব্যাগ ফেলানো প্রয়োজন। বর্ডার হাটের যাতায়াতে নদীর উপর ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। বালিয়ামারী খেয়াঘাটে ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে এমপি মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। রাজিবপুর ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশের শুন্য পদে জনবল নিয়োগ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। বালিয়ামারী হাট-বাজার, বালিয়ামারী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও আদর্শগ্রাম নদী ভাঙ্গন রক্ষার্থে জিওব্যাগ ফেলানোর জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। বর্ডার হাটের যাতায়াতে নদীর উপর ব্রীজ ও বালিয়ামারী খেয়াঘাটে ব্রীজ নির্মাণ করার সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। রাজিবপুর ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশের শুন্য পদে জনবল নিয়োগ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর |

চলমান পাতা-৬



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ (৪) | কোদালকাটি ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান কোদালকাটি ইউনিয়নে নদী ভাঙ্গন শুরু হয়েছে। কোদালকাটিতে সরকারী মূল্যের চেয়ে বেশি দরে সার বিক্রি করা হয়। শাহজাহান সিরাজ নামের সার ডিলার চাকুরী করে রংপুরে। অন্য লোক ডিলারী পরিচালনা করেন। কোদালকাটি দুলাল মোড় হইতে পশ্চিম দিকে খেয়া ঘাট পর্যন্ত রাস্তা পাকা করা প্রয়োজন। কোদালকাটি বাজারে পানি নিষ্কাশনের ড্রেনের কাজ দ্রুত করা প্রয়োজন। কোদালকাটি ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশের শুন্য পদে জনবল নিয়োগ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। কোদালকাটি ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশের শুন্য পদে জনবল নিয়োগ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০২। চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৫) | মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান কোলকিহারা গ্রামের খালের উপর ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। চর নেওয়াজী হাইস্কুল হতে জামালপুরের সীমানা আমজাদের বাড়ী পর্যন্ত রাস্তাটি পাকা করা প্রয়োজন। বড়বেড় সরঃ প্রাঃ বিঃ হতে আমখাওয়া ঘাট ও কোলকিহারা গ্রাম এলাকার রাস্তাটি ২.৫০ কি.মি. যার নং-১৪৯০৮৪০০১ পাকা করা প্রয়োজন। ভোটাং পাড়া টু কোলকিহারা রোড ভায়া মদন পাড়া সরঃ প্রাঃ বিঃ পর্যন্ত ২.০০ কি. মি. ১৪৯০৮৪০২৯ নং রাস্তা পাকা করা প্রয়োজন। নয়াচর বাজার হইতে দক্ষিণ দিকে ঘেগার চর খাল পর্যন্ত রাস্তা যার নং-১৪৯০৮২২০০৪ পাকা করা প্রয়োজন। বড়বেড় পুলিশ ক্যাম্প হতে দক্ষিণ দিকে পাখির মোড় হয়ে বাংলা বাজার পর্যন্ত রাস্তা পাকা করা প্রয়োজন। মোহনগঞ্জ ইউপি টু কাউনিয়ার চর জিসি রাস্তাটি যার নং-১৪৯০৮৩০০৫ মেরামতসহ প্রসস্ত ও মজবুতী করণ করা প্রয়োজন।<br>নয়াচর হাটে শনিবার ও মঙ্গল বারে গরুর হাট চালু করা প্রয়োজন। মোহনগঞ্জ ইউনিয়নে উপ-স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ করা প্রয়োজন।<br>মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশের শুন্য পদে জনবল নিয়োগ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৬) | রাজিবপুর থানা | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা সভায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে হবে। | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | ঢুষমারা থানা | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা সভায় উপস্থিত না থাকায় ঢুষমারা থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা। |
| ১৮ (৮) | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা নির্বাচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮ (৯) | হিসাবরক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১০) | আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৭



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮(১১) | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র পদ শুন্য রয়েছে। অতিরিক্ত দায়িত্ব কর্মকর্তা নিয়মিত সভায় উপস্থিত থাকে না। অত্র উপজেলায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র শুন্য পদ পুরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্যের মাধ্যমে উর্দ্ধতন কর্তপক্ষের দৃষ্টি আকর্ষন করেন। | চর রাজিবপুর উপজেলায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার শুন্য পদ পুরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১২) | পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প) | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান দীর্ঘদিন যাবৎ কম্পিউটার অপারেটর ও ক্যাশিয়ার না থাকায় ব্যাংকিং কার্যক্রম পচিালনা করা কষ্টসাধ্য হয়ে দাড়িয়েছে। অফিস সহায়ক ও নিরাপত্তা প্রহরী না থাকায় অফিসের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর উপহার একটি বাড়ি একটি খামার প্রকল্পের সৃষ্টি পরবর্তীতে যার নাম " আমার বাড়ি আমার খামার প্রকল্প" এটিকে স্থায়ী রুপদান করেন পল্লী সঞ্চয় ব্যাংক। যার উদ্দেশ্য ছিল সাধারণ জনগণকে নিয়ে সঞ্চয় জমার মাধ্যমে উদ্বুদ্ধ করা এবং পরবর্তীতে ঋণ কার্যকমের মাধ্যমে সাবলম্বী করা। কিন্তু অনেক ঋণ খেলাপী রয়েছে। খেলাপী ঋণ আদায়ের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর |
| ১৮(১৩) | দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মোট সমিতি ৬৫ টি, সদস্য সংখ্যা ২৪৩৪ জন। ঋণ বিতরণ, ঋণ আদায়, সঞ্চয় আদায় কার্যক্রম চলমান । | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৪) | তথ্য আপা ঃ (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্য আপা: সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |
| ১৮(১৫) | পল্লী বিদ্যুৎ সমিতি | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না।<br>সভায় উপস্থিত আওয়ামী যুবলীগের সভাপতি জনাব আজিবর রহমান মাস্টার জানান যে, রাজিবপুর বিদ্যুৎ ব্যবস্থা খুবই খারাপ অবস্থা। নিয়মিত বিদ্যুৎ থাকে না। অত্র উপজেলায় যত মেগাওয়াট বিদ্যুৎ বরাদ্দ সে মোতাবেক বিদ্যুৎ থাকে না। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপস্থিত এমপি মহোদয়কে অনুরোধ করেন। রাজিবপুরের জন্য অতিরিক্ত ০৩ (তিন) মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহের জন্য এমপি মহোদয়কে অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। রাজিবপুরের জন্য অতিরিক্ত ০৩ (তিন) মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>২। ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি৬৬ |
| ১৮(১৬) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা) | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি শাখা, চর রাজিবপুর সভায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, চর রাজিবপুর |
| ১৮(১৭) | বিজিবি | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি সভায় উপস্থিত না থাকায় সীমান্ত পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিজিবি, চর রাজিবপুর |

চলমান পাতা-৮

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮(১৮) | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চর রাজিবপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান দুর্যোগ মোকাবেলায় সিনেমাহলসহ ঝুকিপুর্ণ ভবন চিহ্নিত করা প্রয়োজন। | দুর্যোগ মোকাবেলায় সর্বত্র প্রস্তুত থাকতে হবে। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, চর রাজিবপুর |
| ১৮(১৯) | উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ | সাবেক ডেপুটি কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ সভায় জানান যে, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনে ১২টি কক্ষ রয়েছে। ইহা ভাড়া দেওয়া প্রয়োজন। মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের আয়ের স্বার্থে প্রচার প্রচারণা পূর্বক মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের কক্ষ ভাড়া প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার-কে অনুরোধ করেন। | মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের কক্ষ ভাড়া প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর |
| ১৮(২০) | মহিলা ভাইস চেয়ারম্যান | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | স্বচ্ছতা এবং জবাবদিহিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, চর রাজিবপুর |
| ১৮(২১) | ভাইস চেয়ারম্যান | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | স্বচ্ছতা এবং জবাবদিহিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

১৮(২২) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের কমিটি (১৭টি স্থায়ী কমিটি) গঠন ও নব নির্বাচিত ভাইস চেয়ারম্যানদ্বয়ের মধ্যে হতে প্যানেল চেয়ারম্যান গঠন করা প্রয়োজন।

উপজেলা পরিষদের কমিটি (১৭টি স্থায়ী কমিটি) গঠন ও প্যানেল চেয়ারম্যান গঠন করার বিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়কে অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিতভাবে প্যানেল চেয়ারম্যান গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**<u>উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান গঠন ঃ</u>**

০১। মোছাঃ রেনু বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। প্যানেল চেয়ারম্যান-০১

০১। মোঃ বাবু মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। প্যানেল চেয়ারম্যান-০২

উল্লেখ্য যে, গঠিত প্যানেল চেয়ারম্যান-এর মেয়াদকাল আড়াই বছর। প্যানেল চেয়ারম্যান-০১ কার্যকাল শুরু হতে আড়াই বছর পর্যন্ত এবং প্যানেল চেয়ারম্যান-০২ পরবর্তী আড়াই বছর উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যানের দায়িত্ব পালন করবেন মর্মে উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় অবহিত করেন।

১৮(২৩) উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও জানান যে, উপজেলা পরিষদ চত্বরে ঝড়ে পড়া, ঝুকিপুর্ণ ও মরা গাছ এবং উপজেলা মডেল মসজিদ নির্মাণ স্থলের কর্তনকৃত সংরক্ষিত গাছ ও নির্মানাধীন উপজেলা মডেল মসজিদ সংলগ্ন পশ্চিম-উত্তর কর্ণারে ১টি মেহগনি গাছ নিলামে বিক্রি করা প্রয়োজন। এ বিষয়ে ফরেস্টার কর্তৃক গাছের মাপ ও মূল্য নির্ধারণ করা হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত গাছগুলি নির্ধারিত সরকারী মূল্যে মোতাবেক নিলামে বিক্রি করা যেতে পারে।

চর রাজিবপুর উপজেলা ক্যাম্পাসের নিলামযোগ্য গাছ সংক্রান্ত বিবরণী :

| ক্র: নং | গাছের নাম ও বিবরণ | সংখ্যা | গাছের বর্তমান অবস্থান | সরকারী মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | সেগুন | ০১ টি | জনস্বাস্থ্য অফিস ক্যাম্পাস | ১৮,১৮৭/- | লট নং-০১ |
| ০২ | কাঁঠাল | ০৩ টি | | | |
| ০৩ | জিগা (ছোট) | ০১ টি | নির্মানাধীন উপজেলা মডেল মসজিদের পশ্চিম পার্শ্বে কর্তনকৃত খন্ডগুলো | ১,৬০,৮৫৩/- | লট নং-০২ |
| ০৪ | কড়াই(ছোট) | ০২ টি | | | |
| ০৫ | আম (ছোট ও বড়) | ১২ টি | | | |
| ০৬ | মেহগনি (ছোট ও বড়) | ০৫ টি | | | |
| ০৭ | শিলকড়াই | ০১ টি | | | |
| ০৮ | মেহগনি | ০১ টি | নির্মানাধীন উপজেলা মডেল মসজিদ সংলগ্ন পশ্চিম-উত্তর কর্ণারে | | |
| ০৯ | সেগুন (উপড়ে পড়া) | ০১ টি | উপজেলা কৃষি অফিস সংলগ্ন | ২২,৬১৪/- | লট নং-০৩ |
| ১০ | জাম (উপড়ে পড়া) | ০১ টি | | | |
| ১১ | জাম (মরা খাড়া) | ০১ টি | | | |

চলমান পাতা-৯



CamScanner

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ কমিটি গঠনপূর্বক বর্ণিত গাছগুলি নিলামে বিক্রি করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০২। ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৩। সংশ্লিষ্ট কমিটি।

১৮(২৪) উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, স্বচ্ছতা বজায় রেখে সকলকে কাজ করতে হবে। তিনি আরও জানান সকলের সার্বিক সহযোগিতায় উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন সম্ভব হবে। সকলকে স্ব-স্ব অবস্থানে থেকে সুষ্ঠুভাবে দায়িত্ব পালন করার পরামর্শ প্রদান করেন।

১৮(২৫) উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় আরও জানান যে, উপজেলা পরিষদের ১৭টি কমিটি (স্থায়ী কমিটি) গঠন ও গঠিত কমিটি কর্তৃক কার্যক্রম পরিচালনা ও নিয়মিত সভা করার জন্য গাইডলাইনে নির্দেশনা রয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে গাইডলাইন মোতাবেক নিম্ন লিখিতভাবে উপজেলা পরিষদের ১৭টি কমিটি (স্থায়ী কমিটি) গঠন ও গঠিত কমিটি কর্তৃক কার্যক্রম পরিচালনা ও নিয়মিত সভা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ( কমিটির সভাপতি) এবং সংশ্লিষ্ট কর্মকর্তা (সদস্য সচিব) ও কমিটির সকল সদস্য, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর ১৭ টি কমিটি (স্থায়ী কমিটি) নিম্নবর্ণিতভাবে গঠনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ঃ**

**(০১) আইন-শৃঙ্খলা বিষয়ক কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম ও পরিচিতি | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | মোঃ বাবু মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সভাপতি |
| ০২ | মোছাঃ রেনু বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ ,চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, রাজিবপুর ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৫ | অধ্যক্ষ, রাজিবপুর সরকারী কলেজ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৬ | জনাব মোঃ সিরাজুল ইসলাম, দলিল লেখক, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৭ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য-সচিব |

**(০২) যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম ও পরিচিতি | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | মোঃ বাবু মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সভাপতি |
| ০২ | মোছাঃ রেনু বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ ,চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, রাজিবপুর ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৫ | জনাব মোঃ বেলাল হোসেন সরকার, বীর মুক্তিযোদ্ধা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৬ | জনাব মোছাঃ শাহানাজ, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামী মহিলালীগ, রাজিবপুর শাখা, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৭ | উপজেলা প্রকৌশলী,এলজিইডি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য-সচিব |

**(০৩)কৃষি ও সেচ বিষয়ক কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম ও পরিচিতি | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | মোঃ বাবু মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সভাপতি |
| ০২ | মোছাঃ রেনু বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ ,চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, কোদালকাটি ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৫ | মোঃ বায়েজিদ ইসলাম বিজয়, বটতলা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৬ | মোঃ আব্দুর রশিদ, উপসহকারী কৃষি কর্মকর্তা (অবঃ), চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৭ | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য-সচিব |

চলমান পাতা-১০



CamScanner

**(০৪) মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম ও পরিচিতি | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | মোঃ বাবু মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সভাপতি |
| ০২ | মোছাঃ রেনু বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ,চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, রাজিবপুর ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৫ | মোঃ আবু বক্কর সিদ্দিক, সহঃ শিক্ষক (অবঃ), চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৬ | মোঃ জাহাঙ্গীর আলম, প্রভাষক, রাজিবপুর সরকারী কলেজ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য-সচিব |

**(০৫) প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম ও পরিচিতি | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | মোঃ বাবু মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সভাপতি |
| ০২ | মোছাঃ রেনু বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ,চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, কোদালকাটি ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৫ | মোঃ জহুরুল ইসলাম, প্রধান শিক্ষক (অবঃ), দুক্ষিণ কাচারী পাড়া, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৬ | জনাব মোঃ বেলাল হোসেন সরকার, বীর মুক্তিযোদ্ধা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৭ | উপজেলা শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য-সচিব |

**(০৬) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম ও পরিচিতি | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | মোছাঃ রেনু বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সভাপতি |
| ০২ | মোঃ বাবু মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ,চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, রাজিবপুর ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৬ | মোছাঃ ফজিলাতুন্নেছা, সহঃ শিক্ষক, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৭ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য-সচিব |

**(০৬) যুব ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম ও পরিচিতি | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | মোঃ বাবু মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সভাপতি |
| ০২ | মোছাঃ রেনু বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৫ | মোঃ আজিবর রহমান, সহঃ শরীরচর্চা শিক্ষক, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৬ | মোঃ আতিয়ার রহমান, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামী যুবলীগ, চর রাজিবপুর উপজেলা শাখা | সদস্য (কো-অপ্ট) |
| ০৭ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য-সচিব |

**(০৮) মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম ও পরিচিতি | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | মোছাঃ রেনু বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সভাপতি |
| ০২ | মোঃ বাবু মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, কোদালকাটি ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৫ | মোছাঃ সালেহা বেগম, সহঃ শিক্ষক (অবঃ), চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৬ | মোছাঃ নাছিমা খাতুন, সাধারণ সম্পাদক, বালিয়ামারী ওয়ার্ড মহিলালীগ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৭ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য-সচিব |

চলমান পাতা-১১

**(০৯) সমাজ কল্যাণ বিষয়ক কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম ও পরিচিতি | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | মোছাঃ রেনু বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সভাপতি |
| ০২ | মোঃ বাবু মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ ,চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, কোদালকাটি ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৫ | মোঃ আবুল হোসেন, কারিগর পাড়া, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৬ | মোঃ আব্দুল লতিফ, পরিচালক, গরীব উন্নয়ন সংস্থা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৭ | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য-সচিব |

**(১০) মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম ও পরিচিতি | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | মোঃ বাবু মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সভাপতি |
| ০২ | মোছাঃ রেনু বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, কোদালকাটি ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৫ | কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা কমান্ড, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৬ | জনাব মোঃ আব্দুস সবুর ফারুকী, বীর মুক্তিযোদ্ধা ও অধ্যাপক (অবঃ), চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৭ | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য-সচিব |

**(১১) মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম ও পরিচিতি | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | মোছাঃ রেনু বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সভাপতি |
| ০২ | মোঃ বাবু মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৩ | চেয়ারম্যান, রাজিবপুর ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৪ | মোঃ কামরুল আলম বাদল, উত্তর মরিচাকান্দি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৫ | জনাব মোঃ লাল মিয়া, খামারী (গবাদি পশু , হাঁস), কাচানী পাড়া, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৬ | মোঃ ইব্রাহিম খলিল আকন্দ, দক্ষিণ মরিচাকান্দি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৭ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য-সচিব |

**(১২) পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম ও পরিচিতি | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | মোছাঃ রেনু বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সভাপতি |
| ০২ | মোঃ বাবু মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৫ | মোঃ খায়রুল ইসলাম, ধুলাউড়ি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৬ | জনাব মোঃ বেলাল হোসেন সরকার, বীর মুক্তিযোদ্ধা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৭ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য-সচিব |

**(১৩) সংস্কৃতি বিষয়ক কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম ও পরিচিতি | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | মোঃ বাবু মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সভাপতি |
| ০২ | মোছাঃ রেনু বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ ,চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, কোদালকাটি ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৫ | মোঃ গাজিবুর রহমান, বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৬ | মোছাঃ নাহিদা ইসলাম, সদস্য, বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৭ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য-সচিব |

চলমান পাতা-১২



CamScanner

**(১৪) পরিবেশ ও বন বিষয়ক কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম ও পরিচিতি | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | মোঃ বাবু মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সভাপতি |
| ০২ | মোছাঃ রেনু বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৫ | জনাব মোঃ জহুরুল ইসলাম, আজগর দেওয়ানী পাড়া, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৬ | মোঃ ওসমান গনি, চর রাজিবপুর কারিগড় পাড়া, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৭ | উপজেলা বন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য-সচিব |

**(১৫) বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম ও পরিচিতি | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | মোছাঃ রেনু বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সভাপতি |
| ০২ | মোঃ বাবু মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ,চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৫ | জনাব মোঃ মজিবর রহমান বঙ্গ, ব্যবসায়ী, কাচারী পাড়া, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৬ | জনাব মোঃ আব্দুস সবুর ফারুকী, বীর মুক্তিযোদ্ধা ও অধ্যাপক (অবঃ), চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য-সচিব |

**(১৬) অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম ও পরিচিতি | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | মোছাঃ রেনু বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সভাপতি |
| ০২ | মোঃ বাবু মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ,চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, রাজিবপুর ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৫ | মোঃ তৈয়ব আলী, ব্যবসায়ী, সবুজবাগ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৬ | জনাব মোঃ আব্দুল কুদ্দুস, প্রভাষক, রাজিবপুর টেকনিক্যাল এন্ড বিএম কলেজ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৭ | উপজেলা প্রকৌশলী,এলজিইডি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য-সচিব |

**(১৭) জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম ও পরিচিতি | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | মোছাঃ রেনু বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সভাপতি |
| ০২ | মোঃ বাবু মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, কোদালকাটি ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য |
| ০৫ | জনাব মোঃ আব্দুস সবুর ফারুকী, বীর মুক্তিযোদ্ধা ও অধ্যাপক (অবঃ), চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৬ | জনাব মোঃ ফরিজল হক, ইউপি সদস্য, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য (কো-অপ্ট) |
| ০৭ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | সদস্য-সচিব |

উল্লেখিত স্থায়ী কমিটি কর্তৃক অন্তত প্রতি ২ মাসে একবার নিয়মিত সভা করতঃ স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী উপজেলা পরিষদ চেয়ারম্যান অফিসে ও উপজেলা নির্বাহী অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের স্থায়ী কমিটি কর্তৃক অন্তত প্রতি ০২(দুই) মাসে একবার নিয়মিত সভা করতঃ স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর এবং উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ে ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চর রাজিবপুর, কুড়িগ্রামে জমা দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-১৩



CamScanner

বাস্তবায়নে ঃ ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান (সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সভাপতি) ও সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সদস্য-সচিব, চর রাজিবপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৬/২৪
(মোঃ শফিউল আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২
ই-মেইল ঃ chairmanUZPrajibpur@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৪-৪৫৮

তারিখ ঃ ২০ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৭। উপজেলা ........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
৮। ........................................................................................ কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
১০। অফিস কপি।

০৬/০৬/২৪
(তানভীর আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd



CamScanner